গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ৬ এপ্রিল ২০১৫, ২৩ চৈত্র ১৪২১**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিমানের যাত্রী সেবার মান বাড়াতে হবে : 'মেঘদূত' ও 'ময়ুরপঙ্খী' উদ্বোধনকালে প্রধানমন্ত্রী
২। স্কুল-কলেজে শিক্ষার্থীদের ভর্তি নিশ্চিত করতে নীতিমালা করবে সরকার
৩। বাজেটের সম্ভাব্য আকার তিন লাখ কোটি টাকা : সঞ্চয়পত্রে সুদহার কমছে
৪। কৃষকবান্ধব জাত উদ্ভাবনে আরও মনোযোগী হতে হবে : কৃষিমন্ত্রী
৫। সিটি কর্পোরেশন নির্বাচনে সবার জন্য সমান সুযোগ : স্বাস্থ্যমন্ত্রী
৬। পহেলা বৈশাখে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা নেওয়ার উদ্যোগ পুলিশের
৭। জামিন নিয়ে বাসায় ফিরলেন বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া
৮। আগ্রাসী ব্যাংকিং বন্ধে নতুন ব্যাংকগুলোকে সতর্ক করলেন গভর্নর
৯। বাংলাদেশে রাজনৈতিক সহিংসতা কমায় জাতিসংঘ মহাসচিব বান কি মুনের স্বস্তি
১০। রাজনৈতিক সহিংসতায় উৎপাদন খাতে ক্ষতি ৪ হাজার ৯শ' কোটি টাকা : সিপিডি
১১। কালবৈশাখীতে নিহত ৩৭

চলমান পাতা/২

১।	বিমানের যাত্রী সেবার মান বাড়াতে হবে : ‘মেঘদূত’ ও ‘ময়ুরপঙ্খী’ উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিমানের যাত্রী সেবা ও পরিচালনার মান বাড়ানোর জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশ দিয়ে বলেছেন, বিমানকে আরো লাভজনক প্রতিষ্ঠান হিসাবে দেখতে চাই। এটা অর্জন করতে হলে জাতীয় পতাকাবাহী উড়োজাহাজকে সেবার মান বৃদ্ধি করে সময়োপযোগী, আধুনিক ও আন্তর্জাতিক মানে উন্নীত করতে হবে। একই সঙ্গে বিমানের ভাবমূর্তি রক্ষার মাধ্যমে যাত্রীদের আরো বিশ্বাস ও আস্থা অর্জন করতে হবে। এছাড়া নির্ধারিত সময়ে ফ্লাইট চলাচল নিশ্চিত হলে বিমানের সুনাম বৃদ্ধি পাবে। গতকাল ৫ এপ্রিল রোববার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ভিভিআইপি টার্মিনালে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের অভ্যন্তরীণ রুট এবং সংস্থার বহরে সংযোজিত দুটি উড়োজাহাজ ‘মেঘদূত’ এবং ‘ময়ুরপঙ্খী’ উদ্বোধনকালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), প্রথম আলো (পৃ.২,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), ডেইলি সান (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.১)।

২।	স্কুল-কলেজে শিক্ষার্থীদের ভর্তি নিশ্চিত করতে নীতিমালা করবে সরকার

সরকার স্কুল-কলেজে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সুনিশ্চিত করতে তাদের আর্থিক সহায়তা দিতে একটি নীতিমালা প্রণয়ন করবে। যে কোনো দুর্ঘটনায় মারাত্মক আহত শিক্ষার্থীদের আর্থিক সহায়তা দেওয়ার নীতিমালাও তৈরি হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ৫ এপ্রিল রোববার তাঁর তেজগাঁও কার্যালয়ে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট ফান্ডের উপদেষ্টা পরিষদের সভায় এ কথা বলা হয়। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.২), ইনকিলাব (শেষ পৃ.,ক.২)।

৩।	বাজেটের সম্ভাব্য আকার তিন লাখ কোটি টাকা : সঞ্চয়পত্রে সুদহার কমছে

সঞ্চয়পত্রে সুদহার কমানোর আভাস দিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেছেন, সম্প্রতি সঞ্চয়পত্র বিক্রি বেড়ে গেছে অস্বাভাবিকভাবে। এতে সুদ পরিশোধে চাপ বাড়ছে সরকারের ওপর। তাই বিষয়টি পর্যালোচনা করে বাজারের সঙ্গে সামঞ্জস্য রেখে সঞ্চয়পত্রের সুদহার নির্ধারণ করা হবে। গতকাল ৫ এপ্রিল রোববার শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে প্রাক-বাজেট আলোচনায় এ কথা জানান অর্থমন্ত্রী। নতুন অর্থবছরে সম্ভাব্য বাজেটের আকার প্রায় ৩ লাখ কোটি টাকা হতে পারে বলে জানান অর্থমন্ত্রী। সূত্র-সমকাল (শেষ পৃ.,ক.৫), যুগান্তর (শেষ পৃ.,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২), নিউ এজ (শেষ পৃ.,ক.২)। ফিনানসিয়াল এক্সপ্রেস এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪।	কৃষকবান্ধব জাত উদ্ভাবনে আরও মনোযোগী হতে হবে : কৃষিমন্ত্রী

স্বাধীনতা-উত্তর দেশের কৃষি ক্ষেত্রে সিংহভাগ সাফল্য এসেছে কৃষক ও কৃষিজীবীদের অক্লান্ত প্রচেষ্টায়। এজন্য পরিবেশবান্ধব ও কৃষক উপযোগী করে জাত উদ্ভাবনের জন্য গবেষকদের আরও মনোযোগী হতে বলেছেন কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী। গতকাল ৫ এপ্রিল রোববার রাজধানীর ফার্মগেটস্থ আ. কা. মু গিয়াস উদ্দিন মিলকী অডিটরিয়াম চত্বরে জাতীয় কৃষি প্রযুক্তি মেলা-২০১৫ এর উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৩), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৭), ইত্তেফাক (পৃ.৩,ক.১)।

৫।	সিটি কর্পোরেশন নির্বাচনে সবার জন্য সমান সুযোগ : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, সবার জন্য সমান সুযোগ-সুবিধা রেখেই সিটি কর্পোরেশন নির্বাচন হবে। নির্বাচন কমিশন স্বাধীন ও নিরপেক্ষ। তিনি বলেন, এ সরকারের আমলে ইতোপূর্বে নির্বাচন সুষ্ঠু হয়েছে। সরকার কোথাও কোনো হস্তক্ষেপ করেনি। এবারো হস্তক্ষেপ করা হবে না। গতকাল ৫ এপ্রিল রোববার যশোর মেডিকেল কলেজের একাডেমিক ভবন পরিদর্শন শেষে সাংবাদিকদের কাছে তিনি এ মন্তব্য করেন। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ.,ক.১), ইনকিলাব (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.১)।

৬।	পহেলা বৈশাখে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা নেওয়ার উদ্যোগ পুলিশের

বাংলা নববর্ষ নিরাপদ, নির্বিঘ্ন এবং উৎসবমুখর পরিবেশে উদ্‌যাপনের জন্য ব্যাপক নিরাপত্তামূলক ব্যবস্থা নিচ্ছে পুলিশ। গতকাল ৫ এপ্রিল রোববার পুলিশ সদর দপ্তরে পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) এ কে এম শহীদুল হকের সভাপতিত্বে আইনশৃঙ্খলা ও নিরাপত্তা সংক্রান্ত সভায় এ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়। বর্ষবরণ অনুষ্ঠানে আইনশৃঙ্খলা রক্ষায় জনগণের সহায়তা কামনা করেন তিনি। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.৫), ইত্তেফাক (পৃ.৩,ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.১), ইনকিলাব (শেষ পৃ.,ক.১), ডেইলি স্টার (পৃ.৩,ক.১), নিউজ টুডে (পৃ.৩,ক.২)।

৭।	জামিন নিয়ে বাসায় ফিরলেন বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া

টানা ৯২ দিন গুলশানে নিজের রাজনৈতিক কার্যালয়ে অবস্থানের পর অবশেষে বাসায় ফিরলেন বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া। জিয়া অরফানেজ ট্রাস্ট ও জিয়া চ্যারিটেবল ট্রাস্ট দুর্নীতি মামলায় গতকাল ৫ এপ্রিল রোববার আদালতে হাজির হয়ে জামিন পেয়ে সেখান থেকে সরাসরি গুলশানের বাসায় ফেরেন তিনি। বেগম খালেদা জিয়ার পক্ষে জামিন চাওয়া হলে রাষ্ট্রপক্ষ তাঁর বিরোধিতা করেনি। জামিন ছাড়াও শুনানি মূলতবি ও জব্দ তালিকার নথির সত্যায়িত অনুলিপি সরবরাহের আবেদনও মঞ্জুর করেন বিচারক। সূত্র-ইত্তেফাক, সংবাদ, জনকণ্ঠ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার, ডেইলি সানসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। আগ্রাসী ব্যাংকিং বন্ধে নতুন ব্যাংকগুলোকে সতর্ক করলেন গভর্নর

আগ্রাসী ব্যাংকিং বন্ধ করতে নতুন ব্যাংকগুলোর প্রধান নির্বাহীদের সতর্ক করেছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান। একইসঙ্গে ব্যাংকের মাধ্যমে যেন কোনোভাবেই জঙ্গি ও সন্ত্রাসী কর্মকাণ্ডে অর্থায়ন হতে না পারে সেদিকও খেয়াল রাখার পরামর্শ দেন তিনি। গতকাল ৫ এপ্রিল রোববার নতুন অনুমোদন পাওয়া ৯টি ব্যাংকের মধ্যে তিন এনআরবি ছাড়া অন্য ছয়টি ব্যাংকের সঙ্গে অনুষ্ঠিত বৈঠকে সভাপতিত্ব করেন গভর্নর ড. আতিউর রহমান। বৈঠকে নতুন ব্যাংকগুলোতে সুশাসন নিশ্চিত করাসহ সার্বিক ব্যবসার উন্নয়ন, অভ্যন্তরীণ ঝুঁকি ব্যবস্থাপনা যথাযথ পরিপালনের ওপর জোর দেওয়া হয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮, ক.৬), যুগান্তর (শেষ পৃ.,ক.৩), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৫), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.১)।

৯। বাংলাদেশে রাজনৈতিক সহিংসতা কমায় জাতিসংঘ মহাসচিব বান কি মুনের স্বস্তি

বাংলাদেশে রাজনৈতিক সহিংসতা কমে আসায় স্বস্তি প্রকাশ করেছেন জাতিসংঘ মহাসচিব বান কি মুন। ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনে সরকার বিরোধীপক্ষের অংশগ্রহণের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন জাতিসংঘ মহাসচিব। এছাড়া মহাসচিব বাংলাদেশের পাশে থাকার বিষয়ে দৃঢ়প্রতিজ্ঞ বলেও জানিয়েছেন। গত ৪ এপ্রিল শনিবার জাতিসংঘ মহাসচিবের মুখপাত্রের দেওয়া এক বিবৃতিতে এসব তথ্য জানানো হয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৫), প্রথম আলো (পৃ.১,ক.১), সমকাল (পৃ.১,ক.১), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৮)।

১০। রাজনৈতিক সহিংসতায় উৎপাদন খাতে ক্ষতি ৪ হাজার ৯শ' কোটি টাকা : সিপিডি

রাজনৈতিক সহিংসতার ফলে দেশের জিডিপিতে ক্ষতির পরিমাণ শূন্য দশমিক ৫৫ শতাংশ। আর উৎপাদন খাতে এর ক্ষতি ৪ হাজার ৯০০ কোটি টাকা। এর ফলে জিডিপির লক্ষ্যমাত্রা ৬ দশমিক ৫ শতাংশ থেকে কমে ৬ শতাংশে দাঁড়াবে। গতকাল ৫ এপ্রিল রোববার রাজধানীর ব্র্যাক ইন সেন্টারে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত 'ন্যাশনাল বাজেট রিকমেন্ডেশন ফর ফিন্যান্সিয়াল ইয়ার ২০১৫-১৬' শীর্ষক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৬), যুগান্তর (পৃ.১,ক.৩), ইত্তেফাক (পৃ.১,ক.৬), ডেইলি স্টার (পৃ.১,ক.৪), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৫)।

১১। কালবৈশাখীতে নিহত ৩৭

গত ৪ এপ্রিল শনিবার রাতে দেশের অনেক এলাকায় শক্তিশালী কালবৈশাখী আঘাত হানে। গতকাল ৫ এপ্রিল রোববার পর্যন্ত এই ঝড়ের তাণ্ডবে ৩৭ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে; যার মধ্যে ১৬ জনই বগুড়ায়। এই ঝড়ে সম্পদ ও ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। অনেক এলাকা বিদ্যুৎ বিচ্ছিন্ন ছিল গতকালও। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), সংবাদ (পৃ.১,ক.৪), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২)। নিউ নেশন এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো, সমকাল, যুগান্তর, ইনকিলাব, ডেইলি অবজারভার : বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া আদালতে উপস্থিত হয়ে জামিন নিয়ে তাঁর বাসভবনে ফিরে যাওয়ায় স্বস্তি প্রকাশ করে সরকার ও বিএনপি পরস্পরের প্রতি নমনীয় মনোভাব নিয়ে এগিয়ে এসে দেশের শান্তির দিকে নজর দেবে বলে প্রত্যাশা ব্যক্ত;

খ. ইত্তেফাক : দেশের অভ্যন্তরে পাঁচটি রুটে পুনরায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফ্লাইট পরিচালনা শুরু করার কথা উল্লেখ করে বিমান বাংলাদেশের অভ্যন্তরীণ ফ্লাইট জনপ্রিয় ও ব্যবসাসফল করতে যথাযথ পরিকল্পনা ও সমন্বয় করার সুপারিশ;

গ. জনকণ্ঠ : জাতীয় আর্কাইভে রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ রেকর্ড সংরক্ষণের ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান;

ঘ. সংবাদ : জঙ্গিবাদের বিরুদ্ধে সর্বাত্মক প্রতিরোধ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ;

ঙ. ইনকিলাব : বর্ষা শুরুর আগেই নগরীর ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন ও সড়কগুলো সংস্কারের দিকে নজর দেওয়ার সুপারিশ;

চ. নিউ এজ : রানা প্লাজায় ক্ষতিগ্রস্তদের জন্য সরকারের প্রতিশ্রুত ক্ষতিপূরণ ও সুযোগ-সুবিধা দ্রুত প্রদানের আহ্বান;

ছ. নিউজ টুডে : আসন্ন সিটি কর্পোরেশন নির্বাচন নিরপেক্ষ ও সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হবে এই প্রত্যাশা ব্যক্ত;

জ. ডেইলি সান : বিশুদ্ধ নিরাপদ পানি পান না করার কারণে রাজধানীতে ডায়রিয়ার প্রকোপ বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে সিটি কর্পোরেশন নির্বাচনকে অবাধ ও নিরপেক্ষ করতে সকল অপশক্তি থেকে নির্বাচন ব্যবস্থাকে মুক্ত রাখতে হবে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত ‘তিস্তায় বাংলাদেশের ন্যায্য হিস্যা’ শিরোনামের নিবন্ধে মো. আরফান উজ্জামান ও কাজী খলীকুজ্জামান আহমদ আমাদের অর্থনৈতিক ও পরিবেশগত ক্ষতি প্রশমনের জন্য অবিলম্বে স্বচ্ছতা ও সমতার ভিত্তিতে ভারতের সাথে তিস্তার পানি চুক্তি হওয়া প্রয়োজন বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা